

## সাড়ে সাত হাজার শিক্ষার্থী বই পায়নি

রায়পুর (লক্ষ্মীপুর) প্রতিনিধি ●

লক্ষ্মীপুরের রায়গঞ্জ উপজেলায় গতকাল ওক্টোবর পর্যন্ত প্রাথমিক বিদ্যালয়ের চতুর্থ শ্রেণির সাড়ে সাত হাজার শিক্ষার্থী বাংলা বই পায়নি। ফলে বছরের ১৫ দিন পার হলেও বই না থাকায় ২০১টি বিদ্যালয়ের চতুর্থ শ্রেণির শিক্ষার্থীদের পড়াশোনা ব্যাহত হচ্ছে।

১ জানুয়ারি বই উৎসবে সব বই সময়মতো না পৌঁছানোর কারণে ওই দিন সব কটি বিষয়ের বই শিক্ষার্থীদের দেওয়া যায়নি। শিক্ষকেরা বলছেন, নির্দিষ্ট সময়ে বাংলা বই না পাওয়ায় ওই বিষয়ে পাঠদান শুরু করা যাচ্ছে না।

উপজেলা শিক্ষা কর্মকর্তার কার্যালয় সূত্র জানায়, চতুর্থ শ্রেণির ৭ হাজার ৬০০টি বাংলা বইয়ের চাহিদা পাঠানো হয়েছে। কিন্তু এখনো বাংলা বিষয়ের কোনো বই এসে পৌঁছায়নি।